REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 06-09-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

---

Headlines :

(১) ত্রয়োদশ রাজ্য বিধানসভার পঞ্চম অধিবেশন আজ শেষ হয়েছে ।

(২) বিধানসভায় আজ The Tripura Appropriation Bill 2024, The Tripura State Goods and Services Tax এর অষ্টম সংশোধনী বিল ও The Tripura Housing Board দ্বিতীয় সংশোধনী বিল পাশ হয়েছে ।

(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে জল সংরক্ষণ শুধু একটি নীতি নয়, সামাজিক প্রতিশ্রুতির বিষয়।

(৪) প্যারিস প্যারা অলিম্পিকে পুরুষদের হাই জাম্পে স্বর্ণপদক জয়ী প্রবীণ কুমারকে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রবীণ কুমারকে অভিনন্দন জানিয়েছেন।

****************************************

Assembly Ends :

ত্রয়োদশ রাজ্য বিধানসভার তিনদিনব্যাপী পঞ্চম অধিবেশন আজ শেষ হয়েছে। শেষ দিনে মোট ৩টি বিল গৃহিত হয়। বিলগুলি হল The Tripura Appropriation Bill 2024, The Tripura State Goods and Services Tax এর অষ্টম সংশোধনী বিল ও The Tripura Housing Board দ্বিতীয় সংশোধনী বিল।

*******************************

C.M Private M.College :

রাজ্যে বেসরকারী উদ্যোগে মেডিক্যাল কলেজ স্থাপন নিয়ে আজ বিধানসভা অধিবেশনে আলোচনা হয়। রাজ্য সরকার ত্রিপুরা শান্তিনিকেতন মেডিক্যাল কলেজের জন্য আগরতলার আই জি এম হাসপাতালকে শিক্ষণ হাসপাতাল হিসাবে ব্যবহারের অনুমতি দিয়েছে, এই বিষয়ে বিধায়ক সুদীপ রায় বর্মনের আনা, এক দৃষ্টি আকর্ষণী নোটিশের উপর বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, রাজ্য সরকারের পক্ষে মেডিক্যাল কলেজ স্থাপনে সীমাবদ্ধতার কারণে, কেন্দ্রীয় সরকার বেসরকারী স্তরে মেডিক্যাল কলেজ স্থাপনে রাজ্য সরকারগুলোকে উৎসাহিত করছে।

এর জন্য সরকারী হাসপাতালকে শিক্ষণ হাসপাতাল হিসাবে ব্যবহারের অনুমতিও দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠা, নতুন মেডিকেল কোর্স চালু করা, মেডিক্যাল আসন সংখ্যা বৃদ্ধি করা নিয়ে জাতীয় মেডিকেল কমিশনের নির্দিষ্ট নিয়ম অনুযায়ী স্বাস্থ্য মন্ত্রক দেশের বিভিন্ন স্থানে ১৫৭টি নতুন মেডিকেল কলেজ স্থাপনের অনুমতি দিয়েছে। সেই অনুযায়ী পশ্চিমবঙ্গের স্বাধীন ট্রাষ্ট, ত্রিপুরা শান্তিনিকেতন মেডিকেল কলেজ স্থাপনে মেডিকেল এডুকেশানের কাছে আইজিএম হাসপাতালের কিছু অংশ ব্যবহারের অনুমতি চায়। ১৫০ আসনের এই মেডিকেল কলেজে ত্রিপুরার ছাত্রছাত্রীদের জন্য ৫০ শতাংশ আসন বরাদ্দ রাখা হবে। মুখ্যমন্ত্রী বিরোধীদের আনা অভিযোগ খন্ডন করে বলেন, জাতীয় মেডিকেল কমিশনের নিয়ম বিধি মেনে এই হাসপাতাল গড়ার প্রস্তাব করা হয়েছে।

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, বিরোধী সদস্য সুদীপ রায় বর্মন, গোপাল রায়, বেসরকারী স্তরে মেডিকেল কলেজ স্থাপনকে স্বাগত জানালেও সংস্থাটি সব নিয়ম বিধি মানছে কিনা, তা যাচাইয়ে বিধানসভা থেকে যৌথ কমিটি গড়ার দাবি করেন।

**************************

Employment :

আজ রাজ্যের মডেল কেরিয়ার সেন্টারে চাকুরি মেলা অনুষ্ঠিত হয়েছে। Employment Services and Manpower Planning দপ্তরের অধিকর্তা অসীম সাহা জানান, বিভিন্ন বেসরকারি সংস্থায় ৫০টি পদে নিয়োগ করা হবে। ভারত সরকারের ন্যাশনাল কেরিয়ার সার্ভিস প্রকল্পের আওতায় রাজ্যের মডেল কেরিয়ার সেন্টার বছরব্যাপী দেশের বিভিন্ন সংস্থায় নিয়োগের জন্য চাকুরি মেলা করে থাকে। তিনি আরও জানান, আজকের চাকুরি মেলায় রিকভারি এগজিকিউটিভ, হিসেবরক্ষক, লিড ম্যানেজার সহ বিভিন্ন পদে নিয়োগের উদ্যোগ নেয়া হয়েছে।

*****************************

Train :

সাম্প্রতিক ভয়াবহ বন্যায় আগরতলা থেকে উদয়পুর হয়ে বিলোনিয়া পর্যন্ত রেল লাইনের বিভিন্ন অংশ ক্ষতিগ্রস্ত হওয়ায় আগরতলা ও সাব্রুম এর মধ্যে ডেমো ট্রেন সার্ভিস এখনো বন্ধ রয়েছে। এই রুটে সমস্ত ট্রেন আজ ও আগামীকালের জন্য বাতিল করা হয়েছে। তাছাড়া কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস আগামীকাল সাব্রুমের পরিবর্তে আগরতলা থেকে শিয়ালদহের উদ্দেশ্যে রওনা হবে। এন এফ রেলওয়ে সূত্রে আজ এ খবর জানা গেছে।

**************************

PM Janaman-Ambasa :

পিএম জনমন প্রকল্পের আওতায় আজ আমবাসা মহকুমার অন্তর্গত কুলাই আর এফ এক্সটেনশন ভিলেজ কমিটির অন্তর্গত মাশুরাই পাড়া এলাকায় একটি বিশেষ প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। মূলত রিয়াং জনজাতিদের জন্যই এই বিশেষ শিবিরের আয়োজন করা হয়। মহকুমা প্রশাসনের পাশাপাশি বিভিন্ন দপ্তর এই প্রশাসনিক শিবিরে রিয়াং জনজাতিদের বিভিন্ন সুবিধা প্রদান করে। যেমন ইনকাম সার্টিফিকেট, পি আর টি সি, কাস্ট সার্টিফিকেট, আধার কার্ড, রেশন কার্ড সংশোধন ইত্যাদি প্রদান করা হয়। সেখানে স্বাস্থ্য শিবিরের পাশাপাশি বনদপ্তরের পক্ষ থেকে বিনামূল্যে গাছের চারা প্রদান করা হয়।

এক সাক্ষাৎকারে আমবাসার ডি সি এম সমিরন রায় জানান এই প্রশাসনিক শিবিরগুলি আগামী ১০ তারিখ পর্যন্ত মহকুমার বিভিন্ন এলাকায় অনুষ্ঠিত হবে। শিবিরে উপস্থিত এক সুবিধাভোগী ভীষণজয় রিয়াং জানান এই শিবিরগুলির মাধ্যমে তারা যথেষ্ট উপকৃত হচ্ছেন। এরজন্য তিনি রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানিয়েছেন।

***************************

PM Janaman-North :

উত্তর জেলার দশদা ব্লকে আগামীকাল থেকে পিএম জনমন প্রকল্পে প্রকৃত পিছিয়ে পড়া জনজাতি পরিবারগুলিকে ১০০ শতাংশ সহায়তা দেওয়ার লক্ষ্যে সচেতনতা অভিযান ও শিবির অনুষ্ঠিত হবে। কর্মসূচি হিসেবে আগামীকাল ব্লকের পশ্চিম ভান্ডারিমা, ৯ সেপ্টেম্বর এস কে শেরমুন, ১০ সেপ্টেম্বর উত্তর তুইসামা, ১১ সেপ্টেম্বর পূর্ব সাতনালা, ১২ সেপ্টেম্বর পশ্চিম সাতনালা, ১৩ সেপ্টেম্বর পূর্ব ভান্ডারিমা, ১৭ সেপ্টেম্বর কালাপানি, ১৮ সেপ্টেম্বর খাকচাংপাড়া ভিলেজে এই সচেতনতা অভিযান ও শিবিরগুলি অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, শিবিরগুলিতে রিয়াং জনজাতি সম্প্রদায়ের সুবিধাভোগীদের মধ্যে বিভিন্ন সুযোগ ও সুবিধা প্রদান করা হবে। শিবিরগুলিতে আধার নিবন্ধীকরণ, রেশন কার্ড, কিষান ক্রেডিট কার্ড, পিএম কিষাণ, পিএম উজ্জ্বলা যোজনায় গ্যাস সংযোগ, এসটি সার্টিফিকেট করার সুযোগ থাকবে। দশদা ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******************************

PM, Water Conservation :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে জল সংরক্ষণ শুধু একটি নীতি নয়, সামাজিক প্রতিশ্রুতির বিষয়। তিনি বলেন, এটি একটি প্রচেষ্টা ও একটি পুণ্যের কাজ এবং এই আইনে উদারতার পাশাপাশি দায়িত্ব রয়েছে। প্রধানমন্ত্রী আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে গুজরাটের সুরাটে জল সংরক্ষণ উদ্যোগ, 'জল সঞ্চয় জন ভাগিদারি'-র উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছিলেন। প্রধানমন্ত্রী আগামী প্রজন্মের জন্য একটি সুস্থায়ী ভবিষ্যৎ নিশ্চিত করতে জল সংরক্ষণের সকল প্রচেষ্টায় জনগণের অংশগ্রহণের ওপর জোর দেন। তিনি বলেন, ভবিষ্যৎ প্রজন্ম যখন আমাদের মূল্যায়ন করবে তখন জলের প্রতি আমাদের দৃষ্টিভঙ্গি হবে তাদের প্রথম মাপকাঠি। তিনি বলেন যে জল সংরক্ষণ সর্বদাই ভারতের সাংস্কৃতিক চেতনার অবিচ্ছেদ্য অংশ। তিনি একটি সুস্থায়ী ভবিষ্যতের দিকে জল জীবন মিশন এবং অটল ভূ-জল যোজনা সহ তাঁর সরকারের গৃহীত একাধিক উদ্যোগের কথা তুলে ধরেন। প্রধানমন্ত্রী আরও বলেন, জলের ঘাটতি মোকাবেলায় নতুন ও উদ্ভাবনী প্রযুক্তি গ্রহণের সময় এসেছে। কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর পাটিল এবং গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল সুরাটে রাজ্যব্যাপী 'জল সঞ্চয় জন ভাগিদারি' উদ্যোগের সূচনা করেন।

************************

JP Nadda :

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী, জেপি নাড্ডা বলেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে স্বাস্থ্য বিভাগ সারাদেশে সামগ্রিক পরিষেবা প্রদানের জন্য নিরাময়, প্রতিরোধ এবং উপশমকারী চিকিৎসা সুবিধাগুলিতে মনোনিবেশ করছে। IGIMS-এ আজ রিজিওনাল ইনস্টিটিউট অফ অপথালমোলজির উদ্বোধন উপলক্ষে পাটনায় এক অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন শ্রী নাড্ডা। তিনি বলেন, বিশ্বের সর্ববৃহৎ সার্বজনীন স্বাস্থ্য কর্মসূচি আয়ুষ্মান ভারত ১২ কোটি ৭৫লক্ষেরও বেশি পরিবার এবং সারাদেশের ৪৪% শতাংশ জনসংখ্যাকে পরিষেবা দিচ্ছে। এতে পাঁচ লক্ষ টাকা পর্যন্ত চিকিৎসা সুবিধা পাওয়া যায়। তিনি বলেন, আগে দেশে ছয়টি AIIMS ছিল কিন্তু মোদী সরকারের প্রচেষ্টার ফলে এই সংখ্যা ২২-এ পৌঁছেছে।

************************

CPIML :

অবিলম্বে রাজ্যকে জাতীয় বিপর্যয় এলাকা হিসাবে ঘোষণা করা, রাজস্ব দপ্তরের উচ্চপর্যায়ে তদন্ত কমিটি গঠন করে প্রকৃত ক্ষতিগ্রস্তদের তালিকা তৈরী সহ রাজ্য সরকারের কাছে ৭ দফা দাবি পেশ করেছে সি পি আই এম এল। আগরতলা প্রেস

ক্লাবে আজ এক সাংবাদিক সম্মেলনে সংগঠনের রাজ্য সম্পাদক পার্থ কর্মকার একথা জানান। তিনি জানান, প্রকৃত ক্ষতিগ্রস্তদের অবিলম্বে আর্থিক সহায়তা প্রদান ও আগামী ৬ মাস বিনামূল্যে দ্বিগুণ পরিমানে রেশন প্রদানেরও দাবি জানানো হয়েছে।

**************************

Assembly-Reference Period :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বিধানসভায় বিধায়ক তফাজ্জল হোসেনের একটি দৃষ্টি আকর্ষণে নোটিশের জবাবে জানান বিশালগড়-বক্সনগর-সোনামুড়া হয়ে বিলোনিয়া পর্যন্ত রাস্তাটি উন্নতিকরণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছিল। এই রাস্তাটি উন্নতিকরণের জন্য কেন্দ্রীয় সরকার ১৭২ কোটি ২১ লক্ষ টাকা বরাদ্দ করেছে।

***************************

Assembly-Question Answer :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বিধানসভায় জানিয়েছেন, নিয়োগ বিধি সংশোধনের পর রাজ্যে সরকারী কলেজগুলিতে অধ্যাপকের শূন্য পদ পূরণ করা হবে। আজ বিধানসভায় বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরির এক প্রশ্নের উত্তরে তিনি একথা জানান। মুখ্যমন্ত্রী জানান বর্তমানে অধ্যাপকের শূন্য পদ রয়েছে ২৭৭টি। তাছাড়া আরো ১২৬টি শূন্যপদ পূরণের জন্য অনুমোদন পাওয়া গেছে।

****************************

Swacchata Hi Seva :

জাতির পিতা মহাত্মা গান্ধী'র আসন্ন জন্মজয়ন্তী'কে সামনে রেখে স্বচ্ছতা হি সেবা কর্মসূচি পালনের প্রস্তুতি চলছে ঊনকোটি জেলাতে। আজ দুপুরে কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে এই উপলক্ষে জেলাভিত্তিক বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, জেলার অতিরিক্ত জেলাশাসকদ্বয় যথাক্রমে অর্ঘ্য সাহা এবং এল,দারলং, কৈলাসহরের S.D.M প্রদীপ সরকার সহ জেলার বিভিন্ন দপ্তরের আধিকারিকরা। বৈঠকে "স্বচ্ছতা হি সেবা" কর্মসূচিকে সফল ও সার্থক করে তুলতে আলোচনা ও মতবিনিময় করা হয়। উপস্থাপিত হয় তথ্যচিত্র ও। কর্মসূচিতে আগামী চৌদ্দ-ই সেপ্টেম্বর থেকে পয়লা অক্টোবর পর্যন্ত বিভিন্ন অনুষ্ঠান হবে। গান্ধীজয়ন্তীতে দোসরা অক্টোবর পালিত হবে "স্বচ্ছ ভারত দিবস"। উল্লেখ্য এবছরের "স্বচ্ছতা হি সেবা" পক্ষকালব্যাপী কর্মসূচির ভাবনা ( Theme ) হচ্ছে - "স্বভাব স্বচ্ছতা, সংস্কার স্বচ্ছতা"। বৈঠক শেষে ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা জানান, এই

কর্মসূচিতে জেলায় ১০০টি স্থান চিহ্নিত করে এসব স্থানে বিশেষ পরিচ্ছন্নতা অভিযান করা হবে। তিনি এক্ষেত্রে জন-ভাগিদারীত্বের উপর গুরুত্বারোপ করেন।

*****************************

Assembly-Gandatwisa :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ বিধানসভায় বিধায়ক সুদীপ সরকার ও নয়ন সরকারের একটি দৃষ্টি আকর্ষনী নোটিশের জবাবে জানান, গত ৭ জুলাই গন্ডাছুইসায় ৩০ কার্ড আনন্দমেলা উৎসব প্রাঙ্গণের ঘটনাকে কেন্দ্র করে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিতে ত্রাণ প্রদানের জন্য স্বরাষ্ট্র দপ্তর ধলাই জেলার জেলা শাসককে ১ কোটি ৫৪ লক্ষ টাকা প্রদান করেছে। মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকেও ২ লক্ষ টাকা দেওয়া হয়েছে। ইতিমধ্যে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে স্বরাষ্ট্র দপ্তরের বরাদ্দ থেকে ১ কোটি ১২ লক্ষ ৮০ হাজার টাকা বন্টন করা হয়েছে। তাছাড়াও ২ কোটি ৩০ লক্ষ ৪০ হাজার টাকার ঘোষিত অতিরিক্ত ত্রাণ রাজস্ব দপ্তর থেকে ধলাই জেলা শাসকের কাছে পাঠানো হয়েছে। মুখ্যমন্ত্রী জানান, গন্ডাছুইসা মহকুমার ক্ষতিগ্রস্ত বিভিন্ন বাজার, সড়ক, হাসপাতাল, বিদ্যালয়, হিমঘর ইত্যাদি নির্মাণ/ মেরামত ও পরিকাঠামো উন্নয়নে ২৩৯ কোটি ১০ লক্ষ টাকার একটি প্রকল্প ঘোষণা করা হয়েছে।

*************************

Assembly-Jirania :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সম্প্রতি জিরানীয়া মহকুমার কৈতরাবাড়ি গ্রামে হিংসাত্মক ঘটনা সম্পর্কে আজ বিধানসভায় একটি দৃষ্টি আকর্ষনী নোটিশের জবাবে বলেন, সমাজদ্রোহীদের কোন রাজনৈতিক ও ধর্মীয় পরিচিতি নেই। আইন আইনের পথেই চলবে। কেউই ছাড়া পাবে না।

বিধায়ক ইসলাম উদ্দিন ও রামু দাসের একটি দৃষ্টি আকর্ষণী নোটিশের জবাবে মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, রাজ্যে পুলিশ স্বাধীনভাবে কাজ করছে। ক্ষতিগ্রস্থদের আইনমাফিক সাহায্য করার উদ্যোগ নেওয়া হবে। এই দৃষ্টি আকর্ষণী নোটিশ নিয়ে আলোচনা করেন বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী, বিধায়ক সুদীপ রায় বর্মণ ও ইসলাম উদ্দিন।

***********************

Para Olympic :

প্যারিস প্যারা অলিম্পিকে পুরুষদের হাই জাম্পে স্বর্ণপদক জেতার জন্য রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রবীণ কুমারকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে একটি বার্তায় রাষ্ট্রপতি বলেছেন প্রবীণকে নিয়ে ভারত গর্বিত।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তাঁর বার্তায় বলেন, প্রবীণের দৃঢ়তা জাতির জন্য গৌরব এনে দিয়েছে। তিনি বলেন, ভারত তাকে নিয়ে গর্বিত।

*****************************